فضل ربي
স্বীয় প্রতিপালকের সাথে নীরবে কথা বলে

ফজলে রাব্বী নামের অর্থ আমার পালনকর্তার অনুগ্রহ

বইয়ের নাম করনে অনুসরন করা হয়েছে কোরানের সূরা আরাফের ৫৫ নং আয়াত **"তোমরা বিনীতভাবে ও সংগোপনে তোমাদের রাব্বকে ডাকবে"**

প্রতিপালকের সাথে নীরবে কথা বলি

ادْعُوا – কথা বলি

رَبَّكُمْ – স্বীয় প্রতিপালকের

وَّخُفْيَةً – নীরবে

বইয়ে ব্যবহার করা হয়েছে নবীজীর সীল মোহর

- ✓ আল্লাহর বাণী - ***<u>বোল্ড ইটালিক আন্ডরলইন দেয়া</u>***
- ✓ রসূলের কথা - **নরমাল বোল্ড**
- ✓ লেককের কথা - <u>আন্ডার লাইন করা</u>

দোয়া শিক্ষা

প্রতিপালকের সাথে নীরবে কথা বলি

তোমরা রবের যিকর কর মনে মনে, সবিনয় ও সশংক চিত্তে ও অনুচ্চস্বরে প্রত্যুষে ও সন্ধ্যায় আর তোমরা গাফিলদের অন্তর্ভূক্ত হইও না ।

(সূরা-আরাফ ৭ঃ২০৫)

আলোর ধারা

প্রকাশক

আলোর ধারা

বসুন্ধরা আবাসিক - এলাকা , ঢাকা

যোগাযোগ - ০১৭৬৬৬২৬০৮১

আলোর ধারা

গবেষক ও সংকলক

আব্দুল্লাহ মোহম্মদ (ফাজেল) বিবিএ

عبدالله محمد

প্রথম প্রকাশ

ফেব্রুয়ারী ২০২০ ঈসায়ী

আমরা বইটি স্বল্প মূল্যে বিতরনে আগ্রহী আর যদি বইটি প্রচার ও প্রসারে কেউ সহযগিতা করতে চান আমরা তার অনুদান সাদরে গ্রহণ করবো । জাযাকাল্লাহ খাইরান

ফেসবুক - www.facebook.com/mahbubabdullah
যোগাযোগের ঠিকানা - ০১৭৬৬৬২৬০৮১
ই মেইল - mahbubabdullah@gmail.com

সূচিপত্র

আমার প্রচেষ্টা কবুল করে নাও

প্রশংসা করছি তাঁর যিনি ব্যতীত কোন উপাস্য নাই। তোমার দিকেই মুখ ফিরালাম। তোমার উপরই ভরসা করলাম । একমাত্র তোমার ব্যতীত কোন আশ্রয় স্থল নাই। তোমার সাহায্যের ভরসা করেই অত্র লেখায় হাত দিলাম । আমি তোমার আনিত কিতাবের উপর বিশ্বাস করি । আর মানি যে তা চিরন্তন সত্য বাণী আর তোমার প্রেরিত নবীদের উপর বিশ্বাস করি। যাদেরকে তুমি সত্য কিতাব সহ পাঠিয়েছ।

বইটির ভুল ভ্রান্তির থেকে তোমার কিতাব ও নবীর সুন্নাতের উপরিই ভরসা করি। তুমি আমার ভুলি ত্রুটি ক্ষমা করে আমাকে নেক বান্দাদের মধ্যে সামিল করে নাও ।আমিন

আমার এই প্রচেষ্টা কবুল করে নাও

ভূমিকা

পাঠকদের ব্যাপক চাহিদার কারণেই পবিত্র কোরআন ও সহীহ হাদীসের ভিত্তিতে নির্ভরযোগ্য দোয়ার বই রচনা করতে মনস্ত করলাম ।

দোয়ার বইয়ের জন্য মানুষ উন্মুখ হয়ে তাকিয়ে রয়েছে। কিন্তু প্রচলিত বই গুলো চাহিদা পূরণ করা সত্যেও বিশুদ্ধতার নীরিখে সহীহ হাদিসের সাথে সঙ্গতিহীন । রাসূলের হাদীস ভিত্তিতেই বইটির বিশুদ্ধতা নিরুপণ করা হয়েছে। রাসূলের হাদীস আর কোরআনিই হল আমাদের জন্য বিশুদ্ধতা নিরুপণের কষ্টিপাথর।

দোয়া করার অর্থ হচ্ছে কোন কিছুর জন্য **প্রার্থনা** করা, ডাকা, চাওয়া। বিনয়ের সাথে ও নিভৃতে আল্লাহকে ডাকা। আল্লাহ বলেছেন,

ادْعُونِيْٓ أَسْتَجِبْ لَكُمْ

আমাকে ডাক আমি তোমাদের ডাকে সাড়া দেব।[১]

---

[১] **সূরা গাফির/মুমিন** ৬০ নং আয়াত (তাফসীরে আহসানুল বায়ান)

বান্দাহ দোয়ার মাধ্যমে যখনই আল্লাহকে ডাকে আল্লাহ তাঁর ডাকে সাড়া দেন। এর অর্থ হচ্ছে তোমরা সর্বক্ষণ প্রশংসা সহকারে অনুনয়-বিনয়ের[২] সাথে তাঁকে ডাক।

আল্লাহ বলেন ঃ হে নবী, আপনি বলুন আমি আল্লাহর প্রশংসা করি আর রহমানের প্রশংসা করি ।[৩]

রাসূল আমাদের শিক্ষা দিয়েছেন কি ভাবে আল্লাহর দরবারে দোয়া করতে হবে।[৪] সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত প্রতিটি কাজে কিভাবে দোয়া (করতে হবে তা রাসূলের জীবনী

---

[২] আল্লাহর কাছে সকাতর প্রার্থনা

[৩] সূরা ইসরা (আয়াত নং ১১০)

[৪]লেখকের নিজস্ব মতামত * , বইয়ে লেখক নিজে যেসব মন্তব্য করেছেন তা মার্ক করা আছে, কোরান (আল্লাহর বাণী) ***মোটা করে ইটালিক*** , বিশুদ্ধ হাদীস চিহ্ন দেয়া **আছে ব্লক** ।

থেকেই আমাদের জন্য অনুসরনীয় হয়ে থাকবে। সাহাবীরা তাঁর মত করেই দোয়া করতেন। তার পাশাপাশি কিভাবে আল্লাহর সাথে কথা বলতে হবে ও কিভাবে প্রশংসা ও গুন বাচক নামের উসিলা ধরে তাঁকে (আল্লাহকে) ডাকতে হবে সেই পদ্ধতি রাসূল (সাঃ) শিখিয়েছেন । নিশ্চই রাসূল যে ভাবে দোয়া করেছেন তার থেকে সুন্দর,সাবলীল ও গ্রহণযোগ্য আর কোন দোয়াই হতে পারে না । তাঁর দোয়াই আমাদের জন্য অনুসরনীয় মডেল বা পদ্ধতি। *বইটি সম্পূর্ণ রূপে আল কোরআন ও রাসূলের সহীহ হাদীসের বিশুদ্ধ দলিল এর ভিত্তিতে সংকলিত হয়েছে* ।[৫]আমি স্বাক্ষ্য দিচ্ছি আল্লাহ ছাড়া কোন ইলাহ নাই। মুহাম্মদ (সাঃ) আল্লাহর রাসূল। তুমি তাঁকে সেই প্রশংসিত স্থানে পৌছে দাও ,যার ওয়াদা তুমি তাঁকে করেছো। *আল্লাহ বলেছেন ঃ তোমরা আল্লাহর আনুগত্য কর ও রাসূলের আনুগত্য কর । আর তোমাদের আমল সমূহ বিনষ্ট করো না* ।[৬]

---

[৫] অত্র গ্রন্থে হাদীস এর বর্ণনার বিশুদ্ধতা নিরূপন করার ক্ষেত্রে ছয়টি প্রধান হাদীস গ্রন্থ সূক্ষ যাচাই বাছাই করা হয়েছে, যে হাদীস বর্ণনার বিশুদ্ধতায় সন্দেহ থেকে গেছে তা উল্লেখিত হয় নাই । বর্ণনার ধারাবাহিকতায় কোরানকে সর্বপ্রথম প্রধান্য দেয়া হয়েছে , তার পর সহীহ হাদীস ।

[৬] সূরা মুহাম্মদ আয়াত নং ৩৩

সূরা ফাতিহা কোরানের মা ,

ভূমিকা ও দোয়া এটা দোয়া শিক্ষার এমন পদ্ধতি যা আল্লাহ স্বয়ং শিক্ষা দিচ্ছেন। দোয়া করার এর চেয়ে সুন্দর পদ্ধতি আর নাই। বইয়ের শুরুতেই সূরা ফাতিহা দেয়ার কারণ হল সূরাটি রাসূল ভালবাসতেন আর সাহাবীদের পড়তে বলতেন এবং অত্র সূরাটি আমাদের উপহার দেয়া হয়েছে। হাত তুলে দোয়ার পক্ষে এর চেয়ে শ্রেষ্ঠ সূরা আর নাই। বান্দাহ হাত তুললেই দোয়া কবুল হয়,

তা সুন্দর ও সাবলীল পদ্ধতিই হচ্ছে সূরা ফাতিহা । সকল দোয়াই সূরা ফাতিহার অনুসৃত সারকলীপিতে গ্রথিত।

الفاتحة ١
بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ
ٱلْحَمْدُ لِلَّهِ رَبِّ ٱلْعَٰلَمِينَ ١ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ ٢ مَٰلِكِ يَوْمِ ٱلدِّينِ ٣ إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِينُ ٤ ٱهْدِنَا ٱلصِّرَٰطَ ٱلْمُسْتَقِيمَ ٥ صِرَٰطَ ٱلَّذِينَ أَنْعَمْتَ عَلَيْهِمْ غَيْرِ ٱلْمَغْضُوبِ عَلَيْهِمْ وَلَا ٱلضَّآلِّينَ ٧
الله
رسول
محمد
সূরা ফাতিহা
দোয়া কবুলের পদ্ধতি যা
আল্লাহ স্বয়ং শিক্ষা দিচ্ছেন।

আল্লাহর প্রশংসা ও যিকরের ফযীলত

মহান আল্লাহ বলেন,

فَاذْكُرُوْنِيْٓ أَذْكُرْكُمْ وَاشْكُرُواْ لِيْ وَلاَ تَكْفُرُوْنِ

“অতএব তোমরা আমাকে স্মরণ করো,আমিও তোমাদেরকে স্মরণ করব। আর তোমরা আমার প্রতি কৃতজ্ঞ হও এবং আমার সাথে কুফরী করো না।”[৭]

يَآ أَيُّهَا الَّذِيْنَ اٰمَنُواْ اذْكُرُوا اللّٰهَ ذِكْرًا كَثِيْراً

“হে ঈমানদারগণ! তোমরা আল্লাহকে অধিক পরিমাণে স্মরণ করো।”[৮]

---

[৭] **সূরা আল-বাকারাহ্ - ২ঃ১৫২** (তাফসীরে বায়ান) **যিকির** এর অর্থ, কোরাআন তেলোয়াত, আল্লাহ সুন্দর নামে তাকে স্বরণ করা, **প্রশংসা করা** , সকাল সন্ধ্যায় যিকির , দৈনন্দিন বিভিন্ন কাজে যিকির ও দোয়া, তাঁর কাছে কিছু **চাওয়া** ইত্যাদি ।

[৮] **সূরা আল-আহযাব - ৩৩ঃ৪১** । (তাফসীরে আহসানুল বায়ান)

وَالذّٰكِرِيْنَ اللّٰهَ كَثِيرًا وَّالذّٰكِرٰاتِ أَعَدَّ اللّٰهُ لَهُمْ مَّغْفِرَةً وَّأَجْرًا عَظِيْمًا

“আর আল্লাহকে অধিক স্মরণকারী পুরুষ ও নারী, আল্লাহ তাদের জন্য নির্দিষ্ট করে রেখেছেন ক্ষমা ও মহা প্রতিদান ।”[৯]

وَاذْكُرْ رَّبَّكَ فِيْ نَفْسِكَ تَضَرُّعاً وَخِيْفَةً وَدُوْنَ الْجَهْرِ مِنَ الْقَوْلِ بِالْغُدُوِّ وَالْاٰصَالِ وَلاَ تَكُنْ مِّنَ الْغَافِلِيْنَ

“আর তোমার প্রতিপালককে মনে মনে বিনয়ের সাথে ভয়-ভীতি সহকারে অনুচ্চস্বরে সকাল-সন্ধ্যায় স্মরণ করো আর তোমরা উদাসীনদের অন্তর্ভুক্ত হয়ো না।”[১০]

দোয়ার পদ্ধতি শিক্ষা দেয়া হচ্ছে

---

[৯]সূরা আল-আহযাব্ ৩৩:৩৫। (তাফসীরে আবু বকর জাকারিয়)

[১০]সূরা আল-আ'রাফ-৭:২০৫। অত্র আয়াতে আল্লাহর সমীপে দোয়ার পদ্ধতি শিক্ষা দেয়া হচ্ছে । আল্লাহকে স্মরনের সময় স্বরকে নীচু করে, বিনীত ভাবে ডাকে , সকাল সন্ধ্যায় মানে হল, দিনের শুরু ও শেষে কারণ এই সময় সৃষ্টিলকূল তার প্রার্থনা করে। তোমরাও তাঁর স্মরনে মাসগুল থাক ।

يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اذْكُرُوا اللّٰهَ ذِكْرًا كَثِيْرًا ﴿﴾ وَسَبِّحُوْهُ بُكْرَةً وَأَصِيْلًا ﴿﴾

" তোমরা আল্লাহকে অধিক স্বরণ কর এবং সকাল সন্ধ্যায় আল্লাহর পবিত্রতা ও মহিমা ঘোষণা কর। "[১১]

فَإِذَا قُضِيَتِ الصَّلٰوةُ فَانتَشِرُوْا فِي الْأَرْضِ وَابْتَغُوْا مِنْ فَضْلِ اللّٰهِ وَاذْكُرُوا اللَّهَ كَثِيرًا لَّعَلَّكُمْ تُفْلِحُونَ

"নামায সমাপ্ত হলে তোমরা পৃথিবীতে ছড়িয়ে পড়বে এবং তোমরা আল্লাহর অনুগ্রহ সন্ধান করবে ও আল্লাহকে অধিক স্বরণ করবে যাতে তোমরা সফলকাম হও।[১২]

---

[১১]সূরা আহযাব ৩৩ঃ ৪১-৪২ (অনুবাদক ড. মুজিবুর রহমান)

[১২]সূরা জুমুআ ৬২ঃ ১০ অধ্যাপক ডঃ মুজিবুর রহমান অনূদিত কোরআনুল কারিম দারুস সালাম প্রকাশনী।

আল্লাহ তা'আলা বলেন

তোমরা তোমাদের রবকে ডাকবে বিনীত ভাবে ও সংগোপনে ।[১৩]

রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন

فَأَمَّا الرُّكُوعُ فَعَظِّمُوا فِيهِ الرَّبَّ عَزَّ وَجَلَّ وَأَمَّا السُّجُودُ فَاجْتَهِدُوا فِي الدُّعَاءِ فَقَمِنٌ أَنْ يُسْتَجَابَ لَكُمْ"

রুকূতে নিজের রবের শ্রেষ্ঠত্ব বর্ণনা কর এবং সিজদায় গিয়ে আকুল প্রার্থনা কর। কারণ এই সময় দোয়া কবুলের সম্ভানাই বেশী।[১৪]

النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " الدُّعَاءُ هُوَ الْعِبَادَةُ

রসূলুল্লাহ (সাঃ) বলেছেন - **দোয়াই ইবাদত।**[১৫]

---

[১৩]**সূরা আরাফ ৭ঃ৫৫** অত্র আয়াতে দোয়ার আদব শেখানো হচ্ছে , **অপারগতা ও অক্ষমতা** এবং **বিনয় নম্রতা** যা দোয়ার প্রাণ, (উচ্চস্বরে) দোয়া করার মধ্যে বিনয় নম্রতা থাকা কঠিন। চুপে চুপে দোয়া করাই উত্তম এবং কবুলের নিকটবর্তী করে।

[১৪]**মুসলিম (হাদীস নং ৯৫৮) আব্দুল্লাহ ইবনে আববাস** কর্তৃক বর্ণিত হাদীসের কিছু অংশ নামাযে দুটি উল্লেখযোগ্য সময় হল এ দুটি সময়, দোয়া কবুলের বিশেষ সময় ও।

রাসূলের কথা

আল্লাহ তা'আলা বলেন

তোমরা আমার কাছে দোয়া কর আমি তোমার দোয়া কবুল করব।[১৬]

রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন

أَقْرَبُ مَا يَكُونُ العَبْدُ مِنْ رَبِّهِ وَهُوَ سَاجِدٌ، فَأَكْثِرُوا الدُّعَاءَ

বান্দাহ যখন সিজদায় থাকে তখন রবের সবচেয়ে নিকবর্তী হয় । অতএব ঐ সময় বেশী বেশী দোয়া কর।[১৭]

রাসুলুল্লাহ (সাঃ) বলেন

"আমি কি তোমাদেরকে তা জানাব না আমলের মধ্যে যা সর্বোত্তম, তোমাদের মালিক আল্লাহর কাছে যা অত্যন্ত পবিত্র, তোমাদের জন্য যা অধিক মর্যাদা বৃদ্ধিকারী, আল্লাহর পথে

---

১৫ **তিরমীযি** (হাদীস নং ৩৩৭২) আবু ঈসা বলেন, হাদীসটি হাসান এবং সহীহ
১৬ সূরা গাফির/**আল মু'মিন** ৪০:৬০
১৭ **মুসলিম, রিয়াদুস** সালেহীন নং ১৫০৬, বর্ণনা কারী আবু হুরাইরা , সহীহ হাদীস

সোনা-রূপা ব্যয় করার তুলনায় যা তোমাদের জন্য উত্তম এবং তোমরা তোমাদের শত্রুদের মুখোমুখি হয়ে তাদেরকে হত্যা এবং তারা তোমাদের হত্যা করার চাইতেও অধিকতর শ্রেষ্ঠ? সাহাবীগণ বললেন,অবশ্যই হ্যাঁ। তিনি বললেন, তা হচ্ছে আল্লাহ তা'আলার যিকর।"[১৮]

কোরান তেলোয়াতের সওয়াব

রাসূলুল্লাহ (সাঃ) বলেন, "যে ব্যক্তি আল্লাহর কিতাব (কুরআন) থেকে একটি হরফ পাঠ করে, সে তার বিনিময়ে একটি সওয়াব পায়; আর একটি সওয়াব হবে দশটি সওয়াবের সমান। আমি আলিফ, লাম ও মীমকে একটি হরফ বলছি না। বরং 'আলিফ' একটি হরফ, 'লাম' একটি হরফ এবং 'মীম' একটি হরফ।"[১৯]

সাহাবীর কথা

মুআয ইবনে জাবাল (রাঃ) বলেন, কোন মানুষের জন্য আল্লাহর যিকিরের চেয়ে উত্তম কোন আমল নাই, যা তাকে মহামহিম আল্লাহর শাস্তি থেকে রেহাই দিতে পারে। বান্দাহ তার বিনিময়ে সাওয়াব পায় , আর আল্লাহর নিকট অতীব উত্তমকাজ স্বর্ণ রৈপ্য ব্যয় করা অপেক্ষা ।

---

[১৮]**তিরমিযী (হাদীস নং ৩৩৭৭), ইবনে মাজাহ (হাদীস-৩৭৯০)** আবু দারদা কর্তৃক বর্ণিত হাদীস

[১৯]**তিরমিযী (হাদীস নং- ২৯১০)** ইমাম তিরমিযী বলেছেন, হাদীসটি হাসান সহীহ। কিন্তু সানাদের দিক দিয়ে গরীব। **ইবনে মাসউদ কর্তৃক বর্ণিত হাদীস**

সূরা ফাতিহার ফযিলত

সূরা ফাতিহা দোয়া করার এমন পদ্ধতি যা আল্লাহ স্বয়ং শিক্ষা দিচ্ছেন। সূরা ফাতিহা হল

আল্লাহর তা'আলার শ্রেষ্ঠ যিকির , এটা দোয়া করার এমন ঐশী পদ্ধতি, যাতে তাঁর পবিত্রতা বর্ণনা করা হয়েছে এবং প্রশংসা করা হয়েছে, কি ভাবে দোয়া করতে হবে, এটা তারই এমন বাস্তব পদ্ধতি যার কোন প্রতিদ্বন্দ্বী আজও নেই। এটা আল্লাহর বিশেষ উপহার, আর এটা সর্বোত্তম প্রার্থনাও বটে ।

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

শুরু করছি আল্লাহর নামে যিনি পরম করুণাময়, অতি দয়ালু

اَلْحَمْدُ للهِ رَبِّ الْعَالَمِيْنَ

যাবতীয় প্রশংসা আল্লাহ তা'আলার যিনি সকল সৃষ্টি জগতের পালনকর্তা

الرَّحْمَنِ الرَّحِيْمِ

যিনি নিতান্ত মেহেরবান ও দয়ালু।

مَالِكِ يَوْمِ الدِّيْنِ

যিনি বিচার দিনের মালিক।

إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِيْنُ

আমরা একমাত্র তোমারই ইবাদত করি এবং শুধুমাত্র তোমারই সাহায্য প্রার্থনা করি।

اِهْدِنَـا الصِّرَاطَ الْمُسْتَقِيْمَ

আমাদেরকে সরল পথ দেখাও,

صِرَاطَ الَّذِيْنَ أَنعَمْتَ عَلَيهِمْ غَيْرِ الْمَغْضُوْبِ عَلَيهِمْ وَلاَ الضَّالِّيْنَ

সে সমস্ত লোকের পথ, যাদেরকে তুমি নেয়ামত দান করেছ। তাদের পথ নয়, যাদের প্রতি তোমার গজব নাযিল হয়েছে এবং যারা পথভ্রষ্ট হয়েছে।[২০]

---

[২০] আবূ সা'ঈদ ইবনু মু'আল্লা (রাঃ) বলেন, মসজিদে আমি সালাত আদায় করছিলাম। এ সময় নবী (সা.) আমাকে ডাকলেন। সালাত শেষ না হওয়া পর্যন্ত আমি উত্তর দিলাম না। এরপর আমি তাঁর কাছে গিয়ে বললাম, হে আল্লাহর রাসূল! আমি সালাত আদায় করছিলাম। তখন তিনি (সা.) বললেন, আল্লাহ কি এ কথা বলেননি যে, যখন আল্লাহ ও আল্লাহর রাসূল ডাকেন তখন তাঁদের ডাকের জবাব দাও? অতঃপর তিনি (সা.) বললেন, মাসজিদ হতে বের হবার আগে আমি কি তোমাকে (পড়ার জন্য) শ্রেষ্ঠতর সূরাটি শিখাব না?

এরপর তিনি (সা.) আমার হাত ধরলেন। তারপর আমরা মাসজিদ হতে বের হতে চাইলে, আমি বললাম, হে আল্লাহর রসূল! আপনি তো বলেছিলেন, ''আমি কি তোমাকে কুরআনের শ্রেষ্ঠ সূরা শিখাব না?'' তিনি (সা.) বললেন, এটি হলো সূরা ''আলহামদু লিল্লা-হি রব্বিল 'আ-লামীন''। এ সূরাই (পুনঃ পুনঃ আবৃত্ত) সে সাতটি আয়াত (সাব্'উল মাসানী) ও মহা কুরআন, যা আমাকে দেয়া হয়েছে। (সহীহ : বুখারী ৪৪৭৪, ইবনু মাজাহ ৩৭৮৫,)

দোয়া কবুলের শর্ত

রাসূলুল্লাহ (সাঃ) কে বলতে শুনেছেন, সর্বপ্রথম দোয়া কবুলের শর্ত হচ্ছে হারাম খাবার ও পাণীয় থেকে নিজেকে বিরত রাখা, অতঃপর

খালেস নিয়তে দোয়া করলে তা কবুল করা হবে। তারপর নিয়ম শিক্ষা দিতে গিয়ে রাসূলুল্লাহ (সাঃ) অযু করলেন হাত তুলে আল্লাহর নিকট প্রার্থনা করলেন।[২১]

রাসুলুল্লাহ (সাঃ) হাত তুলে ক্বিবলামুখী হয়ে দোয়া করতেন।[২২]

---

[২১] **মিশকাতুল মাসাবীহ (মিশকাত) (হাদীস ২৭৬০) ,বুখারী (হাদীস নং ৬৩৮৩)** এই দুটোই হাদীসের আলোকে দোয়া কবুলের শর্ত, হচ্ছে দোয়ার পূর্বে অযু করা । আবু মুসা (রাঃ) হাদীসটি বর্ণনা করেছেন ।

[২২] **বুখারী (হাদীস নং ৫৯০৩)** , আল্লাহর নিকবর্তী হওয়ার উপায় হল কিবলামুখী হওয়া ।

দোয়া করার পূর্বে অবশ্যই আল্লাহর প্রশংসা করতে হবে, এক ব্যক্তি তা করল না এবং রাসূলের (সাঃ) **দরূদ প্রার্থনা** থেকে বিরত রইল। রাসূল (সাঃ) তাকে বললেন, তুমি তাড়াহুড়া করলে। রাসূল (সাঃ) তাকে সতর্ক করলেন এবং নিয়ম শিক্ষা দিলেন । অতঃপর অপর জন আল্লাহর ইচ্ছা অনুযায়ী প্রশংসা সহ দোয়া করলেন এবং দরূদ পাঠ করলেন,

রাসূলের কথা

রাসূলুল্লাহ (সাঃ) বললেন, **তুমি দোয়া কর তা কবুল করা হবে** ।[২৩]এর থেকে বুঝা যায় যে, রাসূলের (সাঃ) ব্যক্ত পদ্ধতিতেই দোয়া কবুল হয়।

মোদ্দকথা , তুমি দোয়া কর মানে হল রাসূলের শেখানো পদ্ধতিকে অগ্রধিকার দেয়াই উদ্দেশ্য।

রাসূলুল্লাহ (সাঃ) একজনকে বলতে শুনলেন ,

"হে আল্লাহ, নিশ্চই আমি তোমার নিকট চাই। আমি স্বাক্ষ্যদিচ্ছি একমাত্র তুমি আল্লাহ । তুমি ছাড়া প্রকৃত কোন মাবুদ নাই। তুমি মুখাপেক্ষিহীন। তিনি কাউকে জন্ম দেন নি কারো থেকে জন্ম নেননি। তাঁর সমকক্ষ কেউ

[২৩]**মেশকাতুল মাসাবীহ** (হাদীস নং ৯৩০) , **তিরমিযী** (হাদীস নং ৩৪৭৬)

নেই। তারপর নবী (সাঃ) বললেন , **নিশ্চয় সে আল্লাহর এমন নামে ডেকেছে যে নামে চাওয়া হলে প্রদান করেন** ।[২৪] কি শব্দে প্রশংসা করতে হবে তা এখানে উল্লেখ নাই, তবে অন্য বর্ণনায় আছে যে রাসূলুল্লাহ (সাঃ) প্রশংসা করতেন , এভাবে,

أَنَّ الْحَمْدُ لِلَّهِ نَسْتَعِينُهُ وَنَسْتَغْفِرُهُ وَنَعُوذُ بِهِ مِنْ شُرُورِ أَنْفُسِنَا، مَنْ يَهْدِ اللَّهُ فَلَا مُضِلَّ لَهُ، وَمَنْ يُضْلِلْ فَلَا هَادِيَ لَهُ، وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ.[২৫]

অল্প কথায় نحمده و نصلي على رسوله الكريم

---

[২৪]**তিরমিযী** (হাদীস নং ৩৪৭৫), **ইবনে মাযাহ** (হাদীস নং ৩৮৫৭) **আব্দুল্লাহ ইবনে বুরাইদাহ** কর্তৃক বর্ণিত , হাদীসের মান সহীহ

[২৫]**আবু দাউদ** (হাদীস নং ২১১৮) তাহকীককৃত

বলা যেতে পারে, আল্লাহর যে প্রশংসা সহ দোয়া করতে হবে তা আমরা সূরা ফাতিহাতে পাই যাকে বলা যায় **(The Mother All dua)**

আপনি যত বেশী প্রশংসা করুন না কেন অথবা তাঁর (আল্লাহর) গুণবাচক নামে তাঁকে ডাকুন না কেন , আল্লাহ তা পছন্দ করেন।

আমরা যদি সূরা ফাতিহার দিকে লক্ষ্য করি তাহলে দেখব যে, কিভাবে আল্লাহর প্রশংসা ও গুণগান করতে হবে। যদি এভাবে দোয়া করা হয় তাহলে তুমি যা চাও তা কবুল করা হবে। সূরা ফাতিহা হল সকল দোয়ার নির্যাস।

রাসুলুল্লাহ (সাঃ) বলেছেন, **অত্র সূরাটি (ফাতিহা) আমাকে উপহার দেয়া হয়েছে।**

ঠিক তেমনি প্রশংসা সহ গুণকীর্তন করা যেমনটি কোরআনে এবং রাসূলের পদ্ধতিতে রয়েছে, এই পদ্ধতিতে দোয়া করাই মুমিনের জন্য শ্রেয়। কারণ প্রশংসা ছাড়া আল্লাহ বান্দার প্রার্থনার জবাব দেন না । কোরানের আয়াত তেলোয়াতে আল্লাহর সন্তুষ্টি রয়েছে। তাই দোয়া করার সময় কোরআন দিয়ে করাই উত্তম হবে যদি তা হাদীস দ্বারা প্রমানিত হয়।

রাসূলুল্লাহ (সাঃ) দোয়া করার সময় হাত উত্তোলন করতেন

রাসূলের (সাঃ) আসহাবদের বর্ণনায় রয়েছে যে, **রাসূলুল্লাহ (সাঃ)** হাত তাঁর কাঁধ বারাবরই উঠাতেন।[২৬] এটাই হাত তুলে ক্ষমা চাওয়ার পদ্ধতি যা রাসূল (সাঃ) করতেন ।

---

[২৬] **আবূ দাউদ (হাদীস নং ১৪৮৯)** আবূ দাউদ এটি এককভাবে বর্ণনা করেছেন, (হাদীসটি **আব্দুল্লাহ ইবনু আব্বাস** কর্তৃক বর্ণিত) রাসূল হাদীস ও আসহাবদের মতের ভিত্তিতে বিশুদ্ধ মত হল রাসূল নিশ্চিত রূপে **কাঁধ বরাবরই হাত উঠাতেন**। হাদীসে দু'আতে কাকুতি মিনতির সময় **দু' হাত প্রসারিত** করবে।

আল্লাহ বলেনঃ তুমি সংগোপনে ও সবিনয় চিত্তে তোমার প্রতিপালককে ডাক।[২৭]

আবু দাউদ কর্তৃক বর্ণিত হাদীসে রয়েছে মানুষ অপরাধ করার পর অযু করলে, দু'রাকাত সালাত আদায় করলে আল্লাহ তাকে তার দোয়ার কারণে ক্ষমা করে দেন ।[২৮]

আল্লাহর সুন্দর নাম সমূহ দিয়ে তাঁকে ডাকলে, ধারাবাহিক ভাবে পড়লে ও মুখস্ত করলে আল্লাহ তাকে জান্নাত দিবেন ।[২৯]

আল্লাহর রাসূল (সাঃ) নীরবে ও দৃঢ়তার সাথে চাইতে বলেছেন। অতঃপর খেয়ার রাখতে হবে যেন তাড়াহুড়া না হয়ে যায়।[৩০]

ادْعُوا رَبَّكُمْ تَضَرُّعًا وَخُفْيَةً إِنَّهُ لَا يُحِبُّ الْمُعْتَدِينَ

তোমরা তোমাদের রবকে ডাক অনুনয় বিনয় করে ও চুপিসারে। নিশ্চয় তিনি পছন্দ করেন না সীমালঙ্ঘনকারীদেরকে।

---

[২৭] **সূরা আ'রাফের** ২০৭ নং আয়াত

[২৮] **আবূ দাউদ (হাদীস ১৫২১) , তিরমিযী** (অধ্যায় : তাফসীর, সূরাহ আলে-'ইমরান, হাদীস নং ৩০০৬) তাহকীককৃত

[২৯] **বুখারী ও মুসলিম, মিশকাত** (হাদীস নং ২২৮৭) বইয়ের শেষে আল্লাহর ৯৯ নাম আছে , দোয়ার সময় তা মুখস্ত রাখলে ও ব্যবহার করলে দোয়া কবুল হবে ।

[৩০] **আবূ দাউদ** (হাদীস ১৪৮৪) , (সূরা আরাফ ৫৫ নং আয়াত)

দোয়া কবুলের বিভিন্ন সময় ও স্থান

রাসুলুল্লাহ (সাঃ) ইবাদতের জন্য **লাইলাতুল কদরকে** প্রধান্য দিতেন। ইহা হাজার মাসের চেয়েও উত্তম রাত্রি। ইবাদতের জন্য এই রাত্রির চেয়ে আর কোন উত্তম রাত্রি নেই । এই রাত্রিতে রাসূলুল্লাহ সিজদা করতেন ও ইবাদত বন্দেগী করতে পরিবারকে আরজি করতেন।[৩১] তাই এই রাত্রিতে আল্লাহ অবশ্যই বান্দার আরজি রাখেন ,যা চান তাকে দান করেন।

অন্যত্র বর্ণনায় এসেছে, আল্লাহ তা'আলা **আরাফার দিন** সবচেয়ে বেশী জাহান্নাম থেকে মুক্তি দিয়ে থাকেন, আল্লাহ তা'আলা ফেরেশতাদের গৌরব করে বলেন, এরা যা চায় দেয়া হবে । রাসুলুল্লাহ (সাঃ) আরাফায় দু'হাত তুলে দোয়া করতেন।

অনুরূপ ভাবে রাসূলুল্লাহ (সাঃ) সাফা মারওয়া পাহাড়ের উপর দাঁড়িয়ে কিবলামুখী হয়ে বলতেন ,

---

[৩১]**বুখারী ও মুসলিম , মেশকাতুল মাসাবীহ** (হাদীস নং ২০৮৬) **,সূরা ক্বাদর (৩ নং আয়াত)**

لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَشَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ، لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ، أَنْجَزَ وَعْدَهُ، وَنَصَرَ عَبْدَهُ، وَهَزَمَ الْأَحْزَابَ وَحْدَهُ.

এই ভাবে দোয়া করলে কবুল হবে ইনশাল্লাহ। পূর্বোক্ত দুই স্থানে হাত তুলে দোয়া করার পর রাসূল (সাঃ) মক্কায় প্রবেশ করে **হাজারে আসওয়াদ** পাথর টিকে চুম্বন করতেন, অতঃপর বায়তুল্লার দিকে মুখ করে দোয়া করতেন।[৩২] অবশ্য বান্দার হাত তুলে কিছু চাওয়া হলে আল্লাহ তার থেকে মুখ ফেরান না। আল্লাহ তার প্রার্থনা কবুল করেন ।

দোয়া কবুলের স্থান

যে সব স্থানে রাসূল হাত তুলে দোয়া করেছেন সেই জায়গায় হাত তোলার মানে হল , রাসূলের অনুসরণ করছি আর রাসূলের অনুসরনিই আল্লাহর সন্তুষ্টি।

---

[৩২]**আবু দাউদ** তাহকীক কৃত (হাদীস নং ১৮৭২) হাদীসে মান সহীহ , **তিনি দুই হাত উত্তোলন করে যতক্ষণ ইচ্ছে মহান আল্লাহর যিকির করলেন এবং দু'আ করলেন। আবূ হুরাইরাহ (রাযি.) বলেন, এ সময় সিঁড়ি পাথর তার নীচে ছিলো। হাশিম (রহ.) বলেন, সেখানে তিনি আল্লাহর প্রশংসা করেন এবং তা ইচ্ছামত দু'আ করেন।**

সকল মুমিনেরই উচিৎ আল্লাহর সন্তুষ্টির উদ্দেশ্যে রাসূলের আনুসরণ করা ।

রাসুলুল্লাহ (সাঃ) বলেন ঃ জুমুয়ার দিন এমন এক সময় আছে যাতে বান্দাহ যা চায় প্রদান করা হয়। [৩৩] সাহাবী আব্দুল্লাহ বিন সালাম বলেন ঃ নিশ্চয়ই আমরা আল্লাহ্‌র কিতাবে জুম'আর দিনে এমন একটি সময় পাই, যে সময়ে বান্দা সালাত আদায় করে প্রার্থনা করলে আল্লাহ তার প্রার্থনা কবুল করেন।[৩৪] বিভিন্ন হাদীসের আলোকে দোয়া কবুলের একাধিক সময় এর ব্যাপারে মতামত আছে । আমার দৃষ্টিতে বিশুদ্ধ মত হল, ইমাম সাহেবের **মিম্বরে বসা থেকে সালাতের শেষ পর্যন্ত (স্বল্প সময়ের জন্য) আগে** । মুসলিমের বর্ণনা রয়েছে আছর হতে সূর্যাস্ত পর্যন্ত।

---

[৩৩] **তিরমীযী ইফা. (হাদীস ৪৯১)**, আবু হুরাইরা (রাঃ) **বলেন,** আমি আবদুল্লাহ ইবনু সালামের সাথে স্বাক্ষাত করে তাকে এ হাদীস প্রসঙ্গে জানালাম। তিনি বলেন, **আমি সে সময়টি জানি।** তিনি বললেন, **এ সময়টি আসরের পর হতে সূর্য অস্ত যাওয়া পর্যন্ত। আমি বললাম, তা কি করে আসরের পর হতে পারে? অথচ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, বান্দা নামাযরত অবস্থায় এই মুহুর্তটি পেয়ে...। অথচ আপনি যে সময়ের কথা বলেছেন, তখন তো নামায আদায় করা হয় না।** 'আবদুল্লাহ ইবনু সালাম (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি বলেননিঃ **যে ব্যক্তি নামাযের অপেক্ষায় বসে থাকে প্রকারান্তরে সে নামাযের মধ্যেই থাকে? আমি বললাম, হ্যাঁ। তিনি বললেন, সেটাই এ সময়। আমার মতে সময়টি হল ইমাম খুতবা থেকে ইকামাত পর্যন্ত কারণ তা জুমার সালাতের সাথে সম্পর্কিত** ।

[৩৪] **সহীহ আবু দাঊদ ই. ফা. হাদীস নং** ১০৪৬, **মিশকাত** (হাদীস **১৩৫৯**)

লেখকের
মতামত

ওলামায় কেরামগন বলেন যে, এই সময় এর ব্যাপারে **সঠিক ও নির্ভূল মত ছাড়া কোন কিছু গ্রহণ করা যাবে না** । যে কোন বিষয় বস্তু হাদীসের সাথে মিল থাকা চাই, তাহলে ভুল হওয়ার সম্ভাবনা কম থাকে, ধারনা নির্ভর কথা থেকে বাঁচা যায়। আল্লাহ ও তার রাসূলের বিপরীতে চলা ঠিক নয়, তা অসমীচীন। তাই সামর্থ ও প্রামানিক দলিলের উপরই আমল করতে হবে। অন্যথায় সিরাতুর মুস্তাকিমের পথ থেকে অন্য পথে যাওয়ার সম্ভাবনা বেশী।

রাসুলুল্লাহ (সাঃ) বলেছেন ঃ তিন শ্রেণীর লোকের দোয়া ফেরত দেয়া হয় না , তম্মধ্যে একজন হচ্ছে **সিয়াম পালনকারী** । যতক্ষন না সে ইফতার করবে ।[৩৫] অন্য বর্ণনায় আছে , **রাসূলুল্লাহ (সাঃ)** জামারাতে পাথর নিক্ষেপের পর দাঁড়িয়ে থাকতেন এবং অনুনয় বিনয়ের সাথে দোয়া করতেন । আরেক বর্ণনায় রয়েছে তিনি পশ্চিমমুখী হয়ে দীর্ঘ সময় দাঁড়িয়ে থাকতেন আর অনুনয় বিনয় করে প্রার্থনা করতেন ।[৩৬]

---

[৩৫] **ইবনে মাজাহ** 'ছিয়াম' অধ্যায়, **সনদ সহীহ** ।
[৩৬] **আবু দাউদ তাহকীককৃত** (হাদীস ১৯৭৩) 'মানাসিক ' অধ্যায় , **সনদ ছহীহ** ।

কোন ব্যাক্তি যদি অযু করে দোয়া পড়ে শেষ রাতে শোয় এবং শেষ রাতে উঠার জন্য পরস্পর প্রতিযোগীতা করে, শুধুমাত্র আল্লাহর সন্তুষ্টির জন্য, আল্লাহ অবশ্যই তাকে তা প্রদান করেন।[৩৭]

রাসূলুল্লাহ (সাঃ) বলেন ঃ প্রত্যেক রাত্রের দুই তৃতীয়াংশ পরে আল্লাহ নীচের আসমানে নেমে আসেন এবং বলতে থাকেন যে, কে আমাকে ডাকবে আমি তার ডাকে সাড়া দেব, যে আমার নিকট চাইবে আমি তাকে তা দেব, ক্ষমা চাইলে মাফ করে দেব। [৩৮] **তাই শেষ রাত্র দোয়া কবুলের মোক্ষম সময় ,কারণ আল্লাহ বান্দার নিকটবর্তী থাকেন** । একথা বর্ণিত আছে, যে রাসুলুল্লাকে (সাঃ) দোয়া কবুলের মোক্ষম সময় সম্পর্কে জিজ্ঞাসা করলে রাসূল (সাঃ) বললেন, **শেষ রাত ও ফরজ নামাযের পর**। [৩৯] শেষ রাতে ইহলৌকিক ও পারলৌকিক কিছু চাইলে তা কবুল হয়,এটা প্রমানিত।

---

[৩৭]**মুসনাদে আহমদ,আবু দাউদ তাহকীককৃত** (হাদীস ৫০৪২), মিশকাত- ১২১৫

[৩৮]**(বুখারী ও মুসলিম)**, মিশকাত (হাদীস ১২২৩)

[৩৯]**তিরমীযি, মিশকাত** (৯৬৮) ,সনদ হাসান আবূ ঈসা বলেন, **হাদীসটি হাসান**। আবূ যার ও ইবনু উমার (রাযিঃ)-এর বরাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণিত আছে যে, তিনি বলেছেনঃ ... “**শেষ রাতের দু'আ বেশি উত্তম এবং কবুল হওয়ার আশা করা যায়** কিংবা এরূপ কিছু বলেছেন”।

যে বিষয়ে রাসূলুল্লাহ সর্তক করেছেন

রাসূলুল্লাহর (সাঃ) হাদীসকে ত্রুটি মুক্ত রাখার জন্যে আর সহীহ হাদীসকে অগ্রধিকার দেয়ার উদ্দেশ্যই উক্ত কাজের মূলনীতি, অত্র লেখাটি সম্পূর্ণটাই আমি কোরআন ও সুন্নাহর আলোকে প্রমান করেছি।

কোন কিছু আমল করার পূর্বে নিশ্চিত হতে হবে যে, তা বিশুদ্ধ কিনা । নাইলে মিথ্যারোপকারীদের অন্তর্ভূক্ত হতে হবে। এর প্রসার ও আমল করার পূর্বে নিশ্চিত হতে হবে যে, তা রসূলুল্লাহ শেখানো পদ্ধতি কিনা। উপরোক্ত নির্দেশ গুলো ছিল বিশেষ করে হাদীস বর্ণনা কারীদে জন্য সতর্ক বাণী । তাকে সাধ্যানুযায়ী যাচাই বাছাই করতে হবে। অন্যথায় সে রাসূলের উপর মিথ্যারোপকারী সাব্যস্ত হবে। আল্লাহ বলেনঃ **তোমরা সত্যকে মিথ্যার সহিত মিশ্রিত করিও না** এবং **জানিয়া শুনিয়া সত্য গোপন করিও না।**

হে, পরিত্রাণ দাতা হেদায়ত দানের পর আমাদের অন্তরকে বক্র করো না। দান কর আমাদের হেদায়ত,অন্তরের কালিমা বিদূরিত কর।

রাসূলুল্লাহ যে ভাবে দোয়া করতেন

উমর ইবনুল খাত্তাব (রাঃ) রাসুলুল্লাহ (সাঃ) থেকে বর্ণনা করেন, যে **অযু করে** পরিপূর্ণ ভাবে অতঃপর **নিম্নের দোয়াটি** পাঠ করে

أَشْهَدُ أَنْ لَّا إِلٰهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيْكَ لَهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ

উচ্চারন

আশ্হাদু আন লা-ইলাহা ইল্লাল্লাহু ওয়াহ্দাহু লা-শারীকা লাহু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান ‘আব্দুহু ওয়া রাসূলুহু

অর্থাৎ

“আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন মা’বুদ নেই, তিনি এক, তাঁর কোনো শরীক নেই। আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয়ই মুহাম্মদ (সাঃ) তাঁর বান্দা ও রাসূল।”[৪০] **তার জন্য জান্নাতের আটটি দরজা খুলে দেয়া হবে। যে দরজা দিয়ে ইচ্ছা সে জান্নাতে প্রবেশ করতে পারবে ।**

اَللَّهُمَّ اجْعَلْنِيْ مِنَ التَّوَّابِيْنَ وَاجْعَلْنِي مِنَ الْمُتَطَهِّرِيْنَ

আল্লা-হুম্মাজ’আলনী মিনাত্ তাওওয়াবী-না ওয়াজ’আলনী মিনাল মুতাত্বাহ্হিরীন

---

[৪০]**মুসলিম** (হাদিস নং-৪৪৭) ইসলামিক ফাউন্ডশন বর্ণনকারী **উকবাহ ইবনু আমির (রা) সূত্রে। ইবন মাযাহ** (হাদীস নং ৪৭০) , **নাসায়ী (হাদীস নং ১৪৮) তিরমিজী** (হাদীস নং ৫৫) হাদীসের মান সহীহ।

"হে আল্লাহ, তুমি আমাকে তাওবাকারীদের অন্তর্ভুক্ত কর এবং পবিত্রতা অবলম্বনকারীদের অন্তর্ভূক্ত করো।"[৪১]

سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ، أَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ، أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ

সুবহানাকা আল্লা-হুম্মা ওয়া বিহামদিকা, আশহাদু আল্লাইলাহা ইল্লা আন্তা, আস্তাগফিরুকা ওয়া আতুবু ইলাইকা

অর্থঃ "হে আল্লাহ! আমি তোমার প্রশংসা সহকারে পবিত্রতা বর্ণনা করছি। আমি সাক্ষ্য দিচ্ছি যে, তুমি ছাড়া কোনো মা'বুদ নেই, তোমার কাছে ক্ষমা প্রার্থনা করি এবং তোমারই নিকট তাওবা করি।"[৪২]

---

[৪১] **তিরমিযী তাহকীক কৃত** (হাদীস নং ৫৫)
[৪২] **নাসাঈ**, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ, পৃ. ১৭৩। আরও দেখুন, ইরওয়াউল গালীল, ১/১৩৫, ৩/৯৪।

ফাজর ও মাগরিবের সালাতের পর পাঠ করার দোয়া

আল্লাহ তা'আলা বলেন

وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوْعِ الشَّمْسِ وَقَبْلَ غُرُوْبِهَا

" তোমার রবের প্রশংসা কর পবিত্রতা বর্ণনার সাথে সাথে , সূর্য উঠার পূর্বে এবং সূর্য অস্তগামী হওয়ার পূর্বে। "[৪৩]

রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন,**ফজর ও মাগরিবের** সালাতের পর নিম্নোক্ত দোয়া পড়বে

لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَشَرِيْكَ لَهُ، لَهُ

---

[৪৩]সূরা ত্বাহা (আয়াত নং ১৩০) সহীহ হাদীসে এসেছে, রাসূলুল্লাহ (সাঃ) বলেন ঃ " তোমরা যদি সূর্যোদয়ের পূর্বে ও সূর্যাস্তের পূর্বে তোমাদের সালাতগুলো আদায়ের ব্যাপারে কোন প্রকার ব্যাঘাত সৃষ্টি করা হতে মুক্ত হতে পার তবে তা কর; অতঃপর রাসূলুল্লাহ (সাঃ) সূরা ত্বাহার এ আয়াতটি বললেন। (সহীহ **বুখারীঃ ৫৭৩) রাসূলুল্লাহ্ (সাঃ)** আরো বলেনঃ "যে ব্যক্তি সূর্যোদয়ের পূর্বে এবং সূর্যাস্তের পূর্বে সালাত আদায় করবে সে জাহান্নামে যাবে না।" অর্থাৎ ফজর ও আসর। (মুসলিমঃ ৬৩৪) (তাফসীরে ইবন কাসীর)

الْمُلْكُ، وَلَهُ الْحَمْدُ،يُحْيِي وَ يُمِيْتُ،

وَ هُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

লা ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াহ্‌:দাহু লা শারীকা লাহু, লাহুল মুলকু ওয়ালাহুল হামদু ইয়ুহ্‌য়ী ওয়াইউমীতু ওয়াহুয়া ‘আলা কুল্লি শাই’ইন ক্বদীর

“আল্লাহ ছাড়া ইবাদাতের যোগ্য কোনো মা’বুদ নেই, তিনি এক তাঁর কোনো শরীক নেই, রাজত্ব তাঁর এবং প্রশংসা মাত্রই তাঁর, তিনিই জীবিত করেন এবং মৃত্যু দান করেন। তিনি সকল কিছুর ওপর ক্ষমতাবান।”[৪৪]

যখন আযান শুনতে পাও তখন কি পড়বে

أَشْـهَدُ أَنْ لاَ إِلَـهَ إِلاَّ اللـهُ وَحْـدَهُ لاَ شَرِيكَ لَهُ، وَأَنَّ مُحَمَّداً عَبْدُهُ وَرَسُولُهُ،

---

[৪৪]**তিরমিযী (হাদীস ৩৪৭৪)**; বর্ণনাকারী আবু যার-গিফারী (রাঃ), আবু ঈসা বলেন হাদীসটি সহীহ হাসান গারীব।

رَضِـــيتُ بِاللـــهِ رَبـــاًّ، وَبِمُحَمَّـــدٍ

رَسُوْلاً،وَبِالْإِسْلاَمِ دِيْناً

আশ্হাদু আল্লা ইলা-হা ইল্লাল্লা-হু
ওয়াহ্:দাহু লা- শারীকা লাহু ওয়া আন্না
মুহ:াম্মাদান আবদুহু ওয়া রাসূলুহু, রয়ীতু
বিল্লা-হি রব্বান, ওয়া বিমুহা:ম্মাদিন
রাসূলান, ওয়া বিলইসলা-মি দ্বীনান

মুয়াযযিনের সাক্ষ্য প্রদানের পর বলতে হবে "আমিও সাক্ষ্য দিচ্ছি আল্লাহ ছাড়া কোনো মা'বুদ নেই, তিনি একক, তাঁর কোনো শরীক নেই। আর, মুহাম্মদ (সাঃ) তাঁর বান্দা এবং রাসূল। আমি আল্লাহকে প্রতিপালক এবং মুহাম্মদ (সাঃ)-কে রাসূল এবং ইসলামকে দ্বীন হিসেবে লাভ করে পরিতুষ্ট। তাহ'লে তার পাপসমূহ ক্ষমা করে দেওয়া হবে'।[৪৫]
তারপর বলবে -

---

[৪৫] **মুসলিম** (হাদীস নং ৩৮৬), **মিশকাত** (হাদীস নং ৬৬১), **তিরমিযী** (হাদীস ২১০) **ইমাম তিরমিযী** বলেন, এ হাদীসটি **হাসান সহীহ,** তিনি একে **বুখারী** ও **মুসলিমের** শর্তে সহীহ বলেছেন। ইমাম যাহাবী তার সাথে ঐকমত্য হয়েছেন।

اَللَّهُمَّ رَبَّ هَذِهِ الدَّعْوَةِ التَّامَّةِ، وَالصَّلاَةِ الْقَائِمَةِ، آتِ مُحَمَّداً نِ الْوَسِيْلَةَ وَالْفَضِيْلَةَ، وَابْعَثْهُ مَقَاماً مَحْمُوداً نِ الَّذِي وَعَدْتَهُ

আল্লা-হুম্মা রব্বা হা-যিহিদ্ দা'ওয়াতিত্
তা-ম্মাতি ওয়াস্ সলা-তিল ক্বা-ইমাতি
আ-তি মুহ:াম্মাদানিল ওয়াসীলাতা ওয়াল
ফাযীলাতা ওয়াবআছহু মাক্ব-মাম
মাহ:মূদানিল্লাযী ওয়া'আদতাহ

"হে আল্লাহ! এ সার্বিক আহ্বান এবং প্রতিষ্ঠিত নামাজের তুমিই প্রভু, মুহাম্মাদ (স)-কে ওসীলা এবং উচ্চতর মর্যাদা দান করো। আর, তাঁকে প্রশংসিত স্থানে পৌঁছিয়ে দাও, যার প্রতিশ্রুতি তুমি তাঁকে দিয়েছো।"[৪৬]

---

[৪৬] **বুখারী** (হাদীস নং ৬১৪), **মিশকাত** (হাদীস নং ৬৫৯)

মসজিদে যাওয়ার সময় পড়ার দু'আ

اللَّهُمَّ اجْعَلْ فِي قَلْبِيْ نُوْراً، وَفِيْ لِسَانِيْ نُوراً، وَفِي سَمْعِي نُوْراً، وَفِي بَصَرِيْ نُوْراً، وَمِنْ فَوْقِي نُوْراً، وَمِنْ تَحْتِي نُوراً، وَعَنْ يَمِينِي نُوراً، وَعَنْ شِمَالِي نُوراً، وَمِنْ أَمَامِي نُوراً، وَمِنْ خَلْفِي نُوراً، وَاجْعَلْ فِي نَفْسِي نُوراً، وَأَعْظِمْ لِي نُوراً، وَعَظِّم لِي نُوراً، وَاجْعَلْ لِي نُوراً، وَاجْعَلْنِي نُوراً، اللَّهُمَّ أَعْطِنِيْ نُوْراً، وَاجْعَلْ فِي عَصَبِيْ نُوْراً، وَفِيْ لَحْمِيْ نُوراً، وَفِي دَمِيْ نُوْراً، وَفِي شَعْرِيْ نُوْراً، وَفِيْ بَشَرِي نُوْراً.

[اللَّهُمَّ اجْعَلْ لِيْ نُوْراً فِي قَبْرِي... وَنُوراً فِي عِظَامِي وَزِدْنِي نُوراً، وَزِدْنِي نُوراً، وَزِدْنِي نُوراً]

[وَهَبْ لِي نُوراً عَلَى نُورٍ].

(আল্লা-হুম্মাজ'আল ফী ক্বলবী নূরান, ওয়া ফী লিসানী নূরান, ওয়া ফী সাম্'য়ী নূরান, ওয়া ফী বাসারী নূরান, ওয়া মিন ফাওকী নূরান, ওয়া মিন তাহ্তী নূরান, ওয়া 'আন ইয়ামীনী নূরান, ওয়া 'আন শিমালী নূরান, ওয়া মিন আমামী নূরান, ওয়া মিন খলফী নূরান, ওয়াজ'আল ফী নাফ্সী নূরান, ওয়া আ'যিম লী নূরান, ওয়া 'আয্যিম লী নূরান, ওয়াজ 'আল্ লী নূরান, ওয়াজ 'আলনী নূরান; আলা- -হুম্মা আ'তিনী নূরান, ওয়াজ'আল ফী 'আসাবী নূরান, ওয়া ফী লাহ্মী নূরান, ওয়া ফী দামী নূরান, ওয়া ফী শা'রী নূরান, ওয়া ফী বাশারী, নূরান)[আল্লা-হুম্মাজ'আল লী নূরান ফী কাবরী, ওয়া নূরান ফী 'ইযামী] [ওয়া যিদ্নী নূরান, ওয়া যিদ্নী নূরান, ওয়া যিদ্নী নূরান [ওয়া হাবলী নূরান 'আলা নূরিন]

"যে আল্লাহ! তুমি আমার অন্তরে এবং যবানে জ্যোতি সৃষ্টি করে দাও, তুমি আমার শ্রবণ শক্তিতেও জ্যোতি সৃষ্টি করে দাও, আমার দর্শন

শক্তিতে জ্যোতি সৃষ্টি করে দাও, আমার ওপরে, আমার নীচে, আমার ডানে, আমার বামে, আমার সামনে, আমার পেছনে জ্যোতি সৃষ্টি করে দাও। আমার আত্মায় জ্যোতি সৃষ্টি করে দাও, আর জ্যোতিকে আমার জন্য অনেক বড় করে দাও। আমার জন্য জ্যোতি নির্ধারণ কর,আমাকে জ্যোতির্ময় করে দাও। হে আল্লাহ! তুমি আমাকে জ্যোতি দান কর, আমার বাহুতে জ্যোতি দান কর, আমার মাংসে, আমার রক্তে, আমার চুলে, আমার চর্মে জ্যোতি দান কর।[৪৭]

["হে আল্লাহ! আমার জন্য আমার কবরে নূর দিন, আমার হাড়সমূহেও নূর দিন"][৪৮] ["আমাকে নূরে বৃদ্ধি করে দিন, আমাকে নূরে বৃদ্ধি করে দিন, আমাকে নূরে বৃদ্ধি করে দিন"][৪৯], **["আমাকে নূরের উপর নূর দান করুন"]**[৫০]

---

[৪৭] এ শব্দগুলোর জন্য দেখুন, **বুখারী, (ফাতহুল বারীসহ) ১১/১১৬**, নং ৬৩১৬; মুসলিম, হাদীস নং ৭৬৩।

[৪৮] **তিরমিযী** ৫/৪৮৩, হাদীস নং ৩৪১৯।

[৪৯] **ইমাম বুখারী,** আল-আদাবুল মুফরাদ, নং ৬৯৫; পৃষ্ঠা ২৫৮;

[৫০] **ফাতহুল বারী**, ১১/১১৮

সালাত পর্ব

রাসূলুল্লাহ (সাঃ)তাকবীরে তাহরীমার সময় যা বলতেন

سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ، وَتَبَارَكَ اسْمُكَ، وَتَعَالَى جَدُّكَ، وَلاَ إِلَهَ غَيْرُكَ

সুবহ:া-নাকা-আল্লাহুম্মা ওয়া বিহ:ামদিকা ওয়া তাবা-রাকাস্‌মুকা ওয়া তা'আ-লা যাদ্দুকা ওয়ালা-ইলা-হা গাইরুকা

"হে আল্লাহ! তুমি পাক পবিত্র, সকল প্রশংসা তোমারই জন্য। তোমার নাম মহিমান্বিত, তোমার দয়া অতি উচ্চে প্রতিষ্ঠিত এবং তুমি ছাড়া ইবাদতের যোগ্য আর কোনো উপাস্য নেই।"[৫১]

[৫১] **তিরমিযী** (হাদীস ২৪৩),**আবু দাউদ** (হাদীস ৭৭৬) ,**মিশকাত** (হাদীস ৮১৫)

রাসূলুল্লাহ রুকু'র সময় তাসবীহ পড়তেন

سُبْحَانَ رَبِّيَ الْعَظِيم

(সুবহা:-না রব্বিয়াল আযীম)
"আমার মহান প্রভুর পবিত্রতা বর্ণনা করছি।"[৫২]

রাসূলুল্লাহ রুকু ও সিজদা বেশি বেশি বলতেন

سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ اللَّهُمَّ اغْفِرْ لِي

সুবহ:া-নাকা-আল্লাহুম্মা রাব্বানা ওয়া বিহ:ামদিকা, আল্লা-হুম্মাগ্‌ফির লী

---

[৫২] **আবূ দাঊদ** (হাদীস নং ৮৭০),**তিরমিযী** (হাদীস নং ২৬২)

"হে আল্লাহ! আমাদের প্রভু। তোমার প্রশংসাসহ পবিত্রতা বর্ণনা করছি । হে আল্লাহ! আমাকে তুমি মাফ করে দাও।"[৫৩]

سُبُّوحٌ، قُدُّوسٌ، رَبُّ الْمَلاَئِكَةِ وَالرُّوحِ

সুব্বূহুন কুদ্দূসুন রাব্বুল মালা-ইকাতি ওয়ার্‌রূহ

"ফেরেশতাকুল এবং জীবরাঈল (আ)-এর প্রতিপালক স্বীয় সত্তায় পূত, গুণাবলিতে পবিত্র।"[৫৪]

রাসূল (সাঃ) যখন রুকু থেকে মাথা উঠাতেন বলতেন

سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ

(সামি 'আল্লা-হু লিমান হ:ামিদাহ্‌)

" যে আল্লাহর প্রশংসা করে, তিনি তার কথা শুনেন।"[৫৫]

---

[৫৩] **বুখারী ও মুসলিম, মিশকাত** (হাদীস নং ৮৭১) 'রুকূ' অনুচ্ছেদ, পবিত্র কুরআনে **সূরা আন নাসর**-এর ৩ নং سَبِّحْ بِحَمْدِ رَبِّكَ وَاسْتَغْفِرْهُ আয়াতের উপর আমল করে উক্ত দু'আ তিনি রুকু ও সাজদাতে পড়তেন।

[৫৪] **মুসলিম** (হাদীস নং ৪৮৭) **আবূ দাউদ , মিশকাত** (হাদীস নং ৮৭২)

اللَّهُمَّ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ

(রাব্বানা ওয়া লাকাল হামদু,)

"হে আল্লাহ, যাবতীয় প্রশংসা একমাত্র তোমারই।[৫৬]

রাসূল (সাঃ) যখন সিজদা করতেন তখন বলতেন

سُبْحَانَ رَبِّيَ الْأَعْلَى

(সুবহ:া-না রাব্বিয়াল আ'লা)

"আমি আমার সর্বোচ্চ সম্মানিত প্রতিপালকের পবিত্রতা বর্ণনা করছি।"[৫৭]

سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ،

اللَّهُمَّ إغْفِرْ لِي

---

[৫৫]বুখারী ,ফাতহুল বারী (হাদীস ৭৯৬)

[৫৬] বুখারী ফাতহুল বারী (হাদীস ৭৯৬)

[৫৭]আবু দাঊদ (হাদীস নং ৮৭০),তিরমিযী (হাদীস নং ২৬২) সনদ হাসান সহীহ

সুবহা-নাকাল্লা-হুম্মা রব্বানা ওয়া বিহামদিকা আল্লা-হুম্মাগ্‌ফির লী

"হে আল্লাহ! আমাদের রাব্ব তোমার পবিত্রতা ঘোষণা করি তোমার প্রশংসাসহ। হে আল্লাহ! তুমি আমাকে মাফ করে দাও।"[৫৮]

سُورَةُ النَّصۡرِ

فَسَبِّحۡ بِحَمۡدِ رَبِّكَ
وَٱسۡتَغۡفِرۡهُۚ إِنَّهُۥ كَانَ تَوَّابَۢا ٣

এই সূরা নাযিল হওয়ার পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রত্যেক সালাতের পর এই দো'আ পাঠ করতেন[৫৯]

سُبْحَانَكَ اللَّهُمَّ رَبَّنَا وَبِحَمْدِكَ اللَّهُمَّ اغْفِرْ لِي

---

[৫৮] **বুখারী (হাদীস নং ৭৯৪)**

[৫৯] **বুখারী ৭৯৪, ৮১৭, ৪২৯৩, ৪৯৬৭, মুসলিমঃ ৪৮৪, আবু দাউদঃ ৮৭৭, ইবনে মাজহঃ ৮৮৯**

আল্লাহ আমাদের ক্ষমা করুন

দোয়া করার ব্যাপারে কোন কিছু চুরি করা যাবে না, মন গড়া কনো কিছু বলা যাবে না, সমাজে প্রচলিত এমন কথা বর্ণনা করা যাবে না , যা বিশুদ্ধ হাদীস কর্তৃক প্রমানিত নয়। ইমাম বুখারী কে আল্লাহ রহম করুন তার উপর শান্তি বর্ষন করুন । তার নীতিই সঠিক ছিল যে হাদীস তিনি বর্ণনা করেছেন তার কোন প্রতিদ্বন্দ্বি নেই। আমি স্বাক্ষ্য দিচ্ছি আল্লাহ ব্যতীত কোন যোগ্য মা'বুদ নাই । স্বাক্ষ্য দিচ্ছি মুহাম্মদ (সাঃ) বান্দাহ ও রাসূল। কোরআন ও হাদীস ব্যতীত অন্য কোন দোয়া পড়া যাবে না। তিনি স্বীয় ইচ্ছায় আমার চক্ষু খুলে দিয়েছেন। আশ্রয় চাচ্ছি তাদের যারা হাদীসের ব্যাপারে মিথ্যা সাক্ষ্য দেয়। পাশাপাশি আমার পাপরাশি ক্ষমা করে দাও। উপরোক্ত হাদীস দ্বারা প্রতিয়মান হয় বুখারীই সঠিক বলেছেন আল্লাহ তাকে রহম করুন । হে প্রভু আমায় ক্ষমা কর।

অহীর বিধানই যাবতীয় দূর্বলতা ও ত্রুটি মুক্ত ,যা কিছু মুহাম্মদের উপর অবতীর্ণ কেবল তারই অনুসরন করবেন, অন্য কিছুর অনুসরণ করবেন না ।

কিছু কথা সহীহ বলে প্রমানিত হয়েছে সেগুলি স্বার্থান্বেষী মহল সে সমস্ত জাল হাদীস প্রচার করে। আবার কিছু জাল হাদীস বা কথা সহীহ বলে প্রচার করা হয়েছে।

উক্ত নির্দেশের সাথে সাথে সাবধান করা হয়েছে আল্লাহ ছাড়া অন্য কোন অলিদেরকে অনুসরণ না করতে। আপনি তাদের প্রবৃত্তির অনুসরন করেন তবে যালিমদের অন্তর্ভুক্ত হবেন। রাসূলের এর উপর মিথ্যারোপ করে অসংখ্য জাল হাদীস রচিত হয়েছে। মুহাদ্দিস গণের যুগ থেকেই তা প্রমানিত। মুসলমানরা এর প্রচার করা ও আমল করতে পারেন কি?

তাশাহ্হুদ

اَلتَّحِيَّاتُ لِلَّهِ، وَالصَّلَوَاتُ وَالطَّيِّبَاتُ، اَلسَّلاَمُ عَلَيْكَ أَيُّهَا النَّبِيُّ وَرَحْمَةُ اللهِ وَبَرَكَاتُهُ، اَلسَّلاَمُ عَلَيْنَا وَعَلَى عِبَادِ اللهِ الصَّالِحِيْنَ. أَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللهُ، وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ.

আত্তাহিয়্যা-তু লিল্লা-হি ওয়াস্স্বলাওয়া-তু ওয়াত্বয়্যিবা-তু আস্সালা-মু ‘আলাইকা আইয়্যুহান নাবিয়্যু ওয়া রহ:মা‘তুল্লা-হি ওয়া বারকা-তুহু। আস্সা-লামু ‘আলাইনা ওয়া ‘আলা ইবাদিল্লা-হিস

সালেহ:ীন। আশহাদু আল্লা-ইলা-হা ইল্লাল্লা-হু ওয়া আশহাদু আন্না মুহাম্মাদান ‘আব্দুহু ওয়া রাসূলুহু

”যাবতীয় ইবাদাত ও সালাত এবং সকল ভালো কাজ সমস্তই আল্লাহর জন্য, হে নবী, আপনার উপর আল্লাহর শান্তি, রহমত ও বরকত অবতীর্ণ হোক, আমাদের পর এবং নেক বান্দাদের ওপর শান্তি অবতীর্ণ হোক, আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া ইবাদাতের যোগ্য কোনো মা’বুদ নেই এবং আরো স্বাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ (সাঃ) আল্লাহর বান্দা ও রাসূল।”[৬০]

রাসূলের (সাঃ) ওপর সালাত (দরূদ) পাঠ

اَللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَّعَلَى آلِ مُحَمَّدٍ

---

[৬০]মুসলিম (হাদীস নং ৭৮৭) ইবনে আব্বাস কর্তৃক বর্ণিত হাদীস

كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ، اَللَّهُمَّ بَارِكْ عَلَى مَحَمَّدٍ وَعَلَى آلِ مَحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ

(আল্লা-হুম্মা স্বাল্লি ‘আলা মুহাম্মাদ, ওয়া ‘আলা আ-লি মুহা:ম্মাদিন কামা স্বাল্লাইতা ‘আলা ইবরাহীমা ওয়া ‘আলা আ-লি ইব্রাহীমা ইন্নাকা হা:মীদুম মাজীদ। আল্লা-হুম্মা বারিক ‘আলা মুহাম্মাদিওঁ ওয়া ‘আলা আলি মুহাম্মাদিন, কামা বা-রকতা ‘আলা ইবরাহীমা’ ওয়া ‘আলা আলি ইবরাহীমা ইন্নাকা হা:মীদুম মাজীদ)

"হে আল্লাহ! তুমি মুহাম্মদ (স) ও তাঁর পরিবারবর্গের প্রতি রহমত নাযিল করো যেমনটি করেছিলে ইবরাহীম (আ.) ও তাঁর পরিবারবর্গের উপরে। নিশ্চয় তুমি প্রশংসীত ও সম্মানীত।হে আল্লাহ! তুমি মুহাম্মাদ ও তাঁর পরিবারবর্গের প্রতি বরকত নাযিল করো যেরূপ বরকত নাযিল করেছিলে ইব্রাহীম ও তাঁর পরিবারবর্গের উপর। নিশ্চয়ই তুমি প্রশংসীত ও সম্মানীত।"[৬১]

সালাম ফিরানোর পর রাসূলুল্লাহ (সাঃ) বলতেন

أَسْتَغْفِرُ اللهَ

(আস্তাগফিরুল্লাহ্)

"আমি তোমার নিকট ক্ষমা প্রার্থনা করছি।"

اَللَّهُمَّ أَنْتَ السَّلاَمُ، وَمِنْكَ

السَّلاَمُ، تَبَارَكْتَ يَاذَا الْجَلاَلِ وَالإِكْرَامِ

---

[৬১]**বুখারী** (হাদীস ৩৩৭০), **মুসলিম** (হাদীস ৪০৬) , **মিশকাত** (হাদীস নং ৯১৯)

আল্লা-হুম্মা আনতাস সালা-মু ওয়া মিনকাস সালা-ম, তাবা-রাক্তা ইয়া যালজালা-লি ওয়াল-ইকরা-ম

"হে আল্লাহ! তুমি শান্তিময় আর তোমার নিকট হতেই শান্তির আগমন, তুমি কল্যাণময়, হে মর্যাদাবান এবং কল্যাণময়।"[৬২]

لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَشَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ،

লা ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াহদাহু লা শারীকা লাহু, লাহুল মূলকু ওয়া লাহুল হামদু, ওয়া হুয়া আলা কুল্লি শাই'ইন ক্বদীর

[৬২]সহীহ মুসলিম (হাদীস নং ৫৯১) হাদীস একাডেমী

“আল্লাহ ছাড়া ইবাদাতের যোগ্য কোনো মা’বুদ নেই, তিনি এক, তাঁর কোনো শরীক নেই, রাজত্ব তাঁরই

এবং প্রশংসা মাত্রই

তাঁর, তিনি সকল কিছুর ওপর ক্ষমতাবান।

“আল্লাহ ছাড়া ইবাদাতের যোগ্য কোনো মা’বুদ নেই, তিনি এক, তাঁর কোনো শরীক নেই, রাজত্ব তাঁরই এবং প্রশংসা মাত্রই তাঁর, তিনি সকল কিছুর ওপর ক্ষমতাবান। ”[৬৩]

---

[৬৩] **সহীহ মুসলিম (হাদীস ৫৯৪)** ,বর্ণনাকারীঃ **আবুয্ যুবায়র (রহঃ)** মাসজিদ ও সালাতের স্থানসমূহ (كتاب المساجد ومواضِع الصلاة)

لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَ لَهُ الْحَمْدُ، وَ هُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ. لاَحَوْلَ وَ لاَ قُوَّةَ إِلاَّ بِاللهِ، لاَ إِلَهَ إِلاَّ اللهُ، وَلاَ نَعْبُدُ إِلاَّ إِيَّاهُ، لَهُ النِّعْمَةُ وَ لَهُ الْفَضْلُ وَ لَهُ الثَّنَاءُ الْحَسَنُ، لاَ إِلَهَ إِلاَّ اللهُ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ وَ لَوْ كَرِهَ الْكَافِرُوْنَ

লা ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াহ্‌দাহু লা শারীকা লাহু, লাহুল মূলকু ওয়া লাহুল হামদু, ওয়া হুয়া ‘আলা কুল্লি শাই’ইন ক্বদীর। লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহি। লা ইলাহা ইল্লাল্লাহু, ওয়ালা না’বুদু ইল্লা ইয়াহু। লাহুন নি’মাতু ওয়া লাহুল ফাদলু, ওয়া লাহুছ্‌ছানাউদ হাসানু। লা ইলাহা ইল্লাল্লাহু মুখলিসীনা লাহুদ-দীন ওয়া লাও কারিহাল কাফিরূন

"আল্লাহ ছাড়া কোন মা'বূদ নেই। তিনি এক, তাঁর কোনো শরীক নেই, রাজত্ব তাঁরই, প্রশংসা তাঁরই এবং তিনি সর্বশক্তিমান। আল্লাহর সাহায্য ব্যতীত কোন শক্তি নেই। আল্লাহ ছাড়া কোন মাবূদ নেই, আমরা একমাত্র তাঁরই ইবাদত করি, নেয়ামতসমূহ তাঁরই, অনুগ্রহও তাঁর এবং উত্তম প্রশংসা তাঁরই, আল্লাহ ছাড়া কোনো মাবুদ নেই, আমরা তাঁর দেয়া জীবন বিধান একমাত্র তার জন্যই একনিষ্ঠভাবে মান্য করি, যদিও কাফেরদের নিকট তা অপ্রীতিকর।[৬৪]

سُبْحَانَ اللهِ، وَالْحَمْدُ للهِ، وَاللهُ أَكْبَرُ

(সুবাহা-নাল্লাহি, ও আলহামদুল্লিাহ, ওয়াল্লা-হু আকবার।) (৩৩ বার পড়বে)

আল্লাহর পবিত্রতা ঘোষণা করছি, সকল প্রশংসা আল্লাহর জন্য, আল্লাহ সর্বশ্রেষ্ঠ।

---

[৬৪]**মুসলিম** (হাদীস ৫৯৪) , **মিশকাত** (হাদীস ৯৬৩)

لاَ إِلَهَ إِلاَّ اللهُ وَحْدَهُ لاَشَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ، وَلَهُ الْحَمْدُ، وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

